

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
[ভ্যাট বিভাগ]

আদেশ

তারিখ : ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : মূল্য সংযোজন কর (ভ্যাট) দাখিলপত্র দাখিল সহজীকরণ বিষয়ে দিক-নির্দেশনা।

নং ০১/মূসক/২০১৮।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৫ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৪ অনুযায়ী স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে (সার্কেল অফিস) দাখিলপত্র দাখিল করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ১২/মূসক/৯৯/১৮৪, তারিখ : ১০-০৬-১৯৯৯ খ্রিঃ এর মাধ্যমে রাজস্ব এলাকার দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তাকে দাখিলপত্র গ্রহণ করিবার দায়িত্ব প্রদান করা হইয়াছে। তবে, মাঠ পর্যায়ে প্রচলিত রীতি এবং পদ্ধতি হইলো এই যে, দাখিলপত্র সরাসরি ভ্যাট সার্কেল অফিসে জমা প্রদান করিয়া নিজ কপিতে প্রাপ্তি স্বীকারপূর্বক সীল ও স্বাক্ষর গ্রহণ করা হয়। এই পদ্ধতিতে দাখিলপত্র জমা প্রদান করিতে নানাবিধ জটিলতার উদ্ভব হওয়ায় নিবন্ধিত ব্যক্তিগণ দাখিলপত্র দাখিল করিতে উৎসাহিত হন না। ফলে, আমাদের দেশের ভ্যাট ব্যবস্থায় দাখিলপত্র দাখিলের হার বৃদ্ধি পাইতেছে না। অথচ দাখিলপত্র একটি প্রতিষ্ঠানের সম্পাদিত সার্বিক কার্যক্রমের প্রতিফলন। তাই, দাখিলপত্র দাখিলের হার বৃদ্ধি করা প্রয়োজন। একটি পরিপালিত (compliant) ভ্যাট ব্যবস্থা প্রতিষ্ঠার অন্যতম প্রধান শর্ত হইলো দাখিলপত্র দাখিলের সংখ্যা সন্তোষজনক হারে উন্নীত করা। নিবন্ধিত ব্যক্তিগণের সুবিধার্থে একাধিক মাধ্যমে দাখিলপত্র দাখিল করিবার পদ্ধতি প্রবর্তনপূর্বক সহজীকরণের মাধ্যমে তাহাদেরকে উৎসাহিত করিয়া দাখিলপত্র দাখিলের হার বৃদ্ধি করিবার নিমিত্তে নিম্নরূপ দিক-নির্দেশনা জারি করা হইলো :

(১০১১)

মূল্য : টাকা ৪.০০

- (ক) প্রতিটি সার্কেল অফিসে প্রতি মাসের ১ তারিখ হইতে ১৫ তারিখ পর্যন্ত (বীমা কোম্পানির ক্ষেত্রে ২০ তারিখ পর্যন্ত) অফিস চলাকালীন দাখিলপত্র গ্রহণ করিবার নিমিত্তে দাখিলপত্র গ্রহণ ডেস্ক স্থাপন করিতে হইবে; উক্ত ডেস্কে দাখিলপত্র গ্রহণ, প্রাপ্তি স্বীকারপত্র প্রদান, গৃহীত দাখিলপত্রসমূহ সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তার নিকট পেশকরণ ইত্যাদি অর্থাৎ কার্যসম্পাদনের পদ্ধতি নির্ধারণ করিয়া বিভাগীয় এবং সার্কেল অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সহিত পরামর্শক্রমে কমিশনার একটি আদেশ জারি করিবেন;
- (খ) সার্কেল অফিসের দাখিলপত্র গ্রহণ ডেস্কে সরাসরি দাখিলপত্র দাখিল করা হইলে যাচাই-বাছাই ব্যতিরেকে উহা প্রাথমিকভাবে গ্রহণ করিয়া প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিতে হইবে; তবে, দাখিলপত্রের সহিত সংযুক্তি হিসাবে কোন্ কোন্ দলিল পাওয়া গিয়াছে এবং সংযুক্তি সংখ্যা কত তাহা প্রাপ্তি স্বীকারপত্রে উল্লেখ থাকিতে পারে;
- (গ) সার্কেল অফিসের দাখিলপত্র গ্রহণ ডেস্কে সরাসরি দাখিলপত্র দাখিল করা ছাড়াও গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট (জিইপি) ডাকযোগে এবং কুরিয়ারযোগে দাখিলপত্র প্রেরণ করা যাইবে; সেই ক্ষেত্রে দাখিলপত্র দাখিল করিবার সময়সীমা উত্তীর্ণ হইবার কমপক্ষে তিন কার্যদিবস পূর্বে (১৫ তারিখ দাখিলপত্র দাখিল করিবার শেষ কার্যদিবস হইলে ১২ তারিখের মধ্যে) দাখিলপত্র জিইপি ডাকযোগে বা কুরিয়ারযোগে প্রেরণ করিতে হইবে এবং পোস্ট অফিসের স্লীপে বা কুরিয়ার রশিদে “দাখিলপত্র” শব্দটি লিখিত থাকিতে হইবে; সার্কেল অফিসে জিইপি ডাকযোগে বা কুরিয়ারযোগে প্রেরিত দাখিলপত্র গ্রহণ করিয়া পরবর্তী কার্যদিবসের মধ্যে জিইপি ডাকযোগে বা কুরিয়ারযোগে বা বাহক মারফত বা স্ক্যান কপি ই-মেইলের মাধ্যমে প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণ করিতে হইবে; এতদুদ্দেশ্যে, প্রেরিত দাখিলপত্রে প্রেরকের ই-মেইল ঠিকানা উল্লেখ থাকিতে হইবে;
- (ঘ) যে সকল নিবন্ধিত প্রতিষ্ঠানের কোনো মাসের দাখিলপত্রের সহিত সংযুক্তি ০৫ (পাঁচ) পৃষ্ঠার অধিক নয়, সেই সকল নিবন্ধিত প্রতিষ্ঠান সংযুক্তিসহ দাখিলপত্রের স্ক্যান কপি দাখিলপত্র দাখিল করিবার সর্বশেষ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে দফা (ক) অনুযায়ী জারীকৃত আদেশে উল্লিখিত ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিতে পারিবে; ই-মেইলে প্রাপ্ত দাখিলপত্রের প্রাপ্তি স্বীকার করিয়া পরবর্তী কার্যদিবসের মধ্যে নিবন্ধিত ব্যক্তিকে জিইপি ডাকযোগে বা কুরিয়ারযোগে বা বাহক মারফত বা স্ক্যান কপি ই-মেইলযোগে প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণ করিতে হইবে; ই-মেইলে প্রাপ্ত সকল দাখিলপত্রের সফট এবং প্রিন্টেন্ট কপি সংরক্ষণ করিতে হইবে;
- (ঙ) দাখিলপত্রের সহিত ট্রেজারি চালানের মূল কপি প্রেরণ করিবার ক্ষেত্রে www.cag.org.bd ওয়েবসাইট হইতে প্রাপ্ত উক্ত ট্রেজারি চালানের অনলাইনে যাচাইকৃত কপিও প্রেরণ করিতে হইবে;

- (চ) গৃহীত দাখিলপত্র প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা করিয়া দালিলিক এবং তথ্যগত গুরুত্বপূর্ণ ত্রুটি-বিচ্যুতি (material discrepancy) পরিলক্ষিত হইলে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৬, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৫ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ১২/মূসক/৯৯/১৮৪, তারিখ : ১০-০৬-১৯৯৯ খ্রিঃ মোতাবেক দাখিলপত্র নিবিড় পরীক্ষা করিবার কার্যক্রম গ্রহণ করিতে হইবে।
- (ছ) দফা (চ) অনুযায়ী কার্যক্রম গ্রহণ করিবার পূর্বে বা পরে দাখিলপত্রের সংযুক্তি ব্যতীত টপ শীট pdf ফরম্যাটে Integrated VAT Administration System (IVAS) এ আপলোড করিতে হইবে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইলো। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড।